গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.১১৪ তারিখ: ১৭ বৈশাখ ১৪২৫
৩০ এপ্রিল ২০১৮

বিষয়: **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাস্তবায়নাধীন ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের Point of Presence (PoP) স্থাপনে ২১টি ইউনিয়ন পরিষদের নিকটস্থ মাধ্যমিক বিদ্যালয়ে কক্ষ বরাদ্দ প্রদান।**

সূত্র: ০৫.০১.০০০.০২৭.০৭.০০১.১৭(অংশ-২)-১০৪৭, তারিখ: ০৪ এপ্রিল ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত পত্রটি এতদসংগে প্রেরণ করা হলো। প্রস্তাবিত ২১টি শিক্ষা প্রতিষ্ঠানে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় PoP স্থাপনের নিমিত্ত ১টি করে কক্ষ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৩০-৪-২০১৮
মোঃ কামরুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪৫৭২০
ইমেইল: ds_sec2@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.১১৪/১(৩) তারিখ: ১৭ বৈশাখ ১৪২৫
৩০ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ
১) প্রকল্প পরিচালক, ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩০-৪-২০১৮
মোঃ কামরুল হাসান
উপসচিব

প্রকল্প পরিচালকের কার্যালয়
ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
E-mail: infosarker3@bcc.gov.bd, Web Site: http://infosarker3.bcc.gov.bd

স্মারক নং- ৫৬.০১.০০০০.০২৭.০৭.০০১.১৭(অংশ-২)- ১০৫৭ | তারিখ: ০৪/০৪/২০১৮ খ্রিঃ

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাস্তবায়নাধীন ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের Point of Presence (PoP) স্থাপনে ২১ টি ইউনিয়ন পরিষদের নিকটস্থ মাধ্যমিক বিদ্যালয়ে কক্ষ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২৯/০৩/২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত ২৭তম ডিএনসিসি সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পটি বর্তমান সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্পসমূহের অন্যতম। এ প্রকল্পের মাধ্যমে দেশের ২৬০০ ইউনিয়নে নেটওয়ার্কিং ও ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা হচ্ছে। এ লক্ষ্যে নির্বাচিত ২৬০০ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে প্রকল্পের PoP স্থাপনের নিমিত্তে একটি করে কক্ষ বরাদ্দ প্রয়োজন।

০২। মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয়ে ২৯ মার্চ, ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২৭তম ডিএনসিসি সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

> "ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের পয়েন্ট অব প্রেজেন্স (PoP) স্থাপনের লক্ষ্যে মোট ২৬০০ ইউনিয়নের মধ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২০৭০টি ইউনিয়ন ও ৮০টি পোস্ট অফিসে কক্ষ বরাদ্দ পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৪৪৭টি ইউনিয়ন পরিষদের নিকটস্থ কলেজ/হাইস্কুল/মাদ্রাসায় কক্ষ বরাদ্দ প্রদান করতে হবে। ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প এরূপ ইউনিয়নের তালিকাসহ একটি চাহিদাপত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় স্থান বরাদ্দ করবে।"

০৩। সংযুক্ত ২১টি ইউনিয়নে কোন ইউপি কমপ্লেক্স বা অন্য কোন সরকারী স্থাপনা না থাকায় নিকটস্থ মাধ্যমিক বিদ্যালয়ে ১টি করে কক্ষ বরাদ্দ প্রয়োজন।

০৪। এমতাবস্থায় বর্ণিত ২১টি মাধ্যমিক বিদ্যালয়ে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় PoP স্থাপনের নিমিত্ত ১টি করে কক্ষ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: ০১। DNCC সভার কার্যবিবরনী ৩ (তিন) পাতা।
০২। মাধ্যমিক বিদ্যালয় তালিকা ১ (এক) পাতা।

অতিরিক্ত সচিব (মাধ্যমিক) এর দপ্তর
তারিখ.....................
ডাইরি নং-...................
যুগ্ম-সচিব (মাধ্যমিক-১)
যুগ্ম-সচিব (মাধ্যমিক-২)
উপ-সচিব.....................
শাখা.........................

০৪/০৪/১৮
(বিকর্ণ কুমার ঘোষ)
প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)
ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প
মোবাইল নং-০১৭১৬০৫৪৩১৭

সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):</u>

১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
৩। পরিচালক-৮, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
তারিখ

ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় ইউনিয়ন PoP স্থাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত উচ্চ বিদ্যালয়ে ১টি করে কক্ষ বরাদ্দ প্রয়োজন

| ক্রমিক নং | জেলা | উপজেলা | ইউনিয়ন | হাই স্কুলের নাম |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | বাড্ডা | বাড্ডা | আনন্দ নগর হাই স্কুল |
| ২ | ঢাকা | বাড্ডা | সাতারকুল | অবদান হাই স্কুল |
| ৩ | খুলনা | কয়রা | কয়রা | কয়রা মদিনাবাদ হাই স্কুল |
| ৪ | খুলনা | তেরখাদা | বারাসাত | বারাসাত গার্লস হাই স্কুল |
| ৫ | মাগুরা | শ্রীপুর | শ্রীপুর | শ্রীপুর এমসি পাইলট হাই স্কুল |
| ৬ | মানিকগঞ্জ | শীবালয় | উথাইল | বারাদিয়া হাই স্কুল |
| ৭ | মানিকগঞ্জ | শীবালয় | উলাইল | রুপসা ওয়াহেদ আলি হাই স্কুল |
| ৮ | মানিকগঞ্জ | সিঙ্গাইড় | চরিগ্রাম | শাহাদাত আলি খান দ্বি-মুখি হাই স্কুল |
| ৯ | ময়মনসিংহ | ফুলপুর | সিংহেশ্বর | কুতুরাকান্দা কান্দাপাড়া সরকারি উচ্চ বিদ্যালয় |
| ১০ | নরসিংদী | মনোহরদি | একদুয়ারিয়া | একদুয়ারিয়া হাই স্কুল |
| ১১ | নরসিংদী | পলাশ | ডাঙ্গা | ডাঙ্গা হাই স্কুল |
| ১২ | সাতক্ষীরা | শ্যামনগর | শ্যামনগর | নকিপুর এইচসি পাইলট মডেল হাই স্কুল |
| ১৩ | সিরাজগঞ্জ | চাওহালি | বাগুটিয়া | সম্বদিয়া হাই স্কুল, বাগুটিয়া |
| ১৪ | ব্রাহ্মণবাড়িয়া | আখাউড়া | উত্তর আখাউড়া | আহমেদ শাহআলম হাই স্কুল |
| ১৫ | ফেনী | ফুলগাজি | আনন্দপুর | হাসানপুর শাহআলম চৌধুরী হাই স্কুল এন্ড কলেজ |
| ১৬ | নোয়াখালী | কোম্পানিগঞ্জ | সিরাজপুর | সোনাপুর আলি আকবার হাই স্কুল |
| ১৭ | কুমিল্লা | মুরাদনগর | আকুবপুর | মিতাম্বর হাই স্কুল |
| ১৮ | কক্সবাজার | চকোরিয়া | দেমুশিয়া | দেমুশিয়া জিন্নাত আলি হাই স্কুল |
| ১৯ | ব্রাহ্মণবাড়িয়া | বাঞ্ছারামপুর | বাঞ্ছারামপুর | হাজী ওমর আলি হাই স্কুল |
| ২০ | কুমিল্লা | নাঙ্গালকোট | ঢালুয়া | ঢালুয়া হাই স্কুল |
| ২১ | কিশোরগঞ্জ | পাকুন্দিয়া | এগারসিন্দুর | মঠখোলা বহুমুখী হাই স্কুল |

বিকর্ণ কুমার ঘোষ
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ইনফো-সরকার ফেজ-III প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়